

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ১৯, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০২ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ/১৮ অক্টোবর ২০২২ খ্রিষ্টাব্দ

নম্বর: ০৮.০০.০০০০.৮২১.৬২.০২২.২২.২৫৪—গত ২৫ সেপ্টেম্বর অপরাহ্ন ২:৩০ মিনিটে  
পঞ্চগড় জেলার বৌদা উপজেলার বরদেশ্বরী মন্দিরে শুভ মহালয়া উপলক্ষে আয়োজিত ধর্মসভায়  
অংশগ্রহণের লক্ষ্যে করতোয়া নদীর আউলিয়া ঘাট হতে নৌকাযোগে নদী পারাপারের সময়  
নৌকাড়ুবির এক মর্মাণ্তিক দুর্ঘটনা ঘটে। এই দুর্ঘটনায় এখন পর্যন্ত ৬৯ জনের মৃতদেহ উদ্কার করা হয়।  
নিহতদের মধ্যে ৩০ জন নারী, ১৭ জন পুরুষ ও ২১টি শিশু রয়েছে।

২। এ মর্মাণ্তিক নৌকা দুর্ঘটনায় নিহতদের জন্য গভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁদের আআর শান্তি  
কামনা ও সকল নিহত ব্যক্তির শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন এবং  
পরম করুণাময় যেন তাঁদেরকে শোক বহন করার ক্ষমতা দেন সে প্রার্থনা জানিয়ে মন্ত্রিসভার  
২৫ আশ্বিন ১৪২৯/১০ অক্টোবর ২০২২ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সামসুল আরেফিন  
সচিব (সমষ্ট ও সংক্ষার)  
মন্ত্রিপরিষদ সচিবের রুটিন দায়িত্বে

(১৬৭৬১)

মূল্য : টাকা ৮.০০

## মন্ত্রিসভার শোকপ্রস্তাৱ

২৫ আশ্বিন ১৪২৯

ঢাকা: -----

১০ অক্টোবর ২০২২

গত ২৫ সেপ্টেম্বৰ অপৰাহ্ন ২:৩০ মিনিটে পঞ্চগড় জেলার বোদা উপজেলার বরদেশ্বরী মন্দিরে শুভ মহালয় উপলক্ষ্যে আয়োজিত ধর্মসভায় অংশগ্রহণের লক্ষ্যে করতোয়া নদীর আউলিয়া ঘাট হতে নৌকাযোগে নদী পারাপারের সময় নৌকাডুবির এক মর্মাণ্তিক দুর্ঘটনা ঘটে। এই দুর্ঘটনায় এখন পর্যন্ত ৬৯ জনের মৃতদেহ উদ্ধার করা হয়। নিহতদের মধ্যে ৩০ জন নারী, ১৭ জন পুরুষ ও ২১টি শিশু রয়েছে; নৌকাযাত্রীদের মধ্যে তিনজনের সন্ধান এখনও পাওয়া যায়নি। আকস্মিক এই দুর্ঘটনার পর মাননীয় প্রধানমন্ত্রীর সার্বিক নির্দেশনায় তাৎক্ষণিকভাবে মৃতদেহ উদ্ধার ও শনাক্তকরণ, লাশ স্বজনদের কাছে হস্তান্তরকরণ এবং প্রত্যেক নিহত ও নিখোঁজ ব্যক্তির পরিবারকে প্রয়োজনীয় আর্থিক সহায়তার ব্যবস্থা করা হয়। এই আর্থিক সহায়তা বাবদ প্রত্যেক নিহত ও নিখোঁজ ব্যক্তির পরিবারকে ১,৫৫,০০০ টাকা (এক লক্ষ পঞ্চাশ হাজার) দেয়া হয়।

এই মর্মাণ্তিক দুর্ঘটনায় জাতি গভীরভাবে শোকাহত। দেশবাসীর সঙ্গে মন্ত্রিসভা এ মর্মাণ্তিক নৌকা দুর্ঘটনায় নিহতদের জন্য গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁদের আআর শান্তি কামনা করছে। মন্ত্রিসভা সকল নিহত ব্যক্তির শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা এবং পরম করুণাময় যেন তাদেরকে শোক বহন করার ক্ষমতা দেন সে প্রার্থনা জানাচ্ছে।